

Times Today BD

শাহজাহান আলী বিপাশ | দেশজুড়ে | 05 May, 2025

বিনাইদহের কালীগঞ্জে ট্রাক চাপায় জাহাঙ্গীর হোসেন (৪৫) নামে এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছে। সোমবার সকাল ৯টার দিকে কালীগঞ্জ কোটচাঁদপুর সড়কের চারমাইল নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে। নিহত জাহাঙ্গীর হোসেন জেলার মহেশপুর উপজেলার নাটিমা হাইস্কুল পাড়ার জলিল উদ্দীনের ছেলে।

কালীগঞ্জ থানার ওসি মো. শহিদুল ইসলাম জানান, সকালে জাহাঙ্গীর হোসেন মোটরসাইকেল যোগে কালীগঞ্জের দিকে আসছিল।

পথিমধ্যে কালীগঞ্জ উপজেলার চারমাইল নামক স্থানে পৌঁছালে বিপরীত দিক থেকে আসা একটি মিনি ট্রাক তাকে সামনে থেকে ধাক্কা দেয়। এতে সে ঘটনাস্থলেই মারা যায়। সংবাদ পেয়ে ফায়ার সার্ভিসের সহযোগীতায় মরদেহ উদ্ধার করে হাসপাতালে নেওয়া হয়েছে বলে জানান ওসি।

বিনাইদহ মোটরসাইকেল নিহত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 20:37

URL: <https://timestodaybd.com/across-the-country/7758071937>